



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌমালা, নরসিংদী।



ISO-9001:2015 Certified

আরএফকিউ নং- ৩৮/২০২২-২০২৩

অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের জন্য দরপত্র (RFQ)


দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের স্মারক নং : ২৭.১২.৬৮৬০.৫৩৫.০১.০৩৮.২০২৩. ২৪৬২
তারিখ : ১৫.০৬.২০২৩ খ্রিঃ
দরপত্রের নং : ৩৮/২০২২-২০২৩

প্রশাসন বিভাগ
নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

E-mail: narsingdipbs2@yahoo.com, Web : <http://pbs2.narsingdi.gov.bd/>

ফোন নং- ০১৭৬৯-৪০০০৫৭

ইস্যুকারী কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল



নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২
চৌয়লা, নরসিংদী।

E-mail: narsingdipbs2@yahoo.com

ISO-9001:2015 Certified

স্মারক নং - ২৭.১২.৬৮৬০.৫৩৫.০১.০৩৮.২৩. ২৪৩২

তারিখ - ০১ আষাঢ়, ১৪৩০ বঃ
১৫/০৬/২০২৩ খ্রিঃ

দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)

বিষয়ঃ- অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের জন্য (RFQ) দরপত্র আহবান সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সুশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের জন্য প্রকৃত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে “আর এফ কিউ (রিকোয়েস্ট ফর কোটেশন)” এর মাধ্যমে নিম্নোক্ত শর্তসাপেক্ষে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

শর্তাবলী

- ০১। নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের জন্য ব্যবসায়ী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীল মোহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২। কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহে ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিজ্ঞত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
- ০৩। আগ্রহী দরদাতাগণ অফিস সময়ে উল্লেখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন এবং দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট pbs2.narsingdi.gov.bd এ দেখতে পারবেন।
- ০৪। নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণ পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহবানকারী কর্তৃক নির্ধারিত স্থানে ক) জেনারেল ম্যানেজার, নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি -২, চৌয়লা, নরসিংদী অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাঞ্চে দাখিল করতে হবে।
- ০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
- ০৬। দরপত্র আগামী ২১/০৬/২০২৩ খ্রিঃ তারিখ রোজ বুধবার বেলা ১১:০০ ঘটিকার মধ্যে অত্র পল্লী বিদ্যুৎ সমিতির চৌয়লাস্থ সদর দপ্তর এবং পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর এ রক্ষিত টেন্ডার বাঞ্চে গ্রহন করা হবে। দরপত্র সমূহ ঐ দিনই বেলা ১১:০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।




- ০৭। প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীল গালা ব্যবহার পূর্বক দর দাখিল করতে হবে। দরপত্রের সাথে চলতি ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র, ভ্যাট রেজিস্ট্রেশন এবং ব্যাংক সলভেন্সির সনদপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ০৮। কার্যাদেশ প্রদানের সময়ে বর্নিত আইটেমের কাজের মালামালের পরিমাণ ২০% কম বা বেশী করার ক্ষমতা পবিস কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- ০৯। প্রয়োজনে কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের জন্য সরেজমিনে নমুনা পরিদর্শন পূর্বক (ছুটির দিন ব্যতীত) দর দাখিল করা যাবে।
- ১০। খামের উপর “কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট” কথাটি স্পষ্টাকারে লিখতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ১১। কার্যাদেশ প্রাপ্তির ১০(দশ) দিনের মধ্যে কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহ সম্পন্ন করতে হবে।
- ১২। কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট সরবরাহের কাজ সম্পন্নের পর কমিটি কর্তৃক পরিদর্শন করা হবে। কমিটির সন্তোষজনক রিপোর্টের ভিত্তিতে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- ১৩। প্রদত্ত বিল হতে সরকারী নিয়ম অনুসারে ভ্যাট ও ট্যাক্স কর্তন করা হবে।
- ১৪। উল্লেখিত শর্তাবলী ব্যতীত অপরাপর কোন বিষয়ে জটিলতার সৃষ্টি হইলে সেই ক্ষেত্রে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হবে।
- ১৫। কোনরূপ কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র অথবা সকল দরপত্র গ্রহন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।


(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়।

(সদয় অবগতি ও আপনার নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিটি প্রচারের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)

- ০১। জেলা প্রশাসক, নরসিংদী।
- ০২। পুলিশ সুপার, নরসিংদী।
- ০৩। মেয়র, নরসিংদী পৌরসভা, নরসিংদী।
- ০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
- ০৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েব সাইট-এ দরপত্র প্রকাশের নিমিত্তে অনুরোধসহ)।
- ০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----- পবিস- ১/ ২/ ৩/৪ ।
- ০৭। নির্বাহী প্রকৌশলী (এস ও ডি), বাপবিবোর্ড, নরসিংদী।
- ০৮। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি/গণপূর্ত, নরসিংদী।
- ০৯। ডিজিএম, কারিগরি/সকল জোনাল অফিস, নরসিংদী পবিস-২।
- ১০। সহকারী প্রকৌশলী/সহকারী পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবোর্ড, নরসিংদী।
(নির্ধারিত সময়ে দরপত্র মূল্যায়নের নিমিত্তে উপস্থিত থাকার অনুরোধসহ)
- ১১। এজিএম (অর্থ-হিসাব/আইটি), নরসিংদী পবিস-২।
- ১২। মেসার্স-----।
- ১৩। নোটিশ বোর্ড, নরসিংদী পবিস-২।
- ১৪। ওয়েব সাইট : <http://pbs2.narsingdi.gov.bd/> Web: www.reb.gov.bd
- ১৫। অফিস কপি/ মাষ্টার কপি।


(শেখ মানোয়ার মোরশেদ)
জেনারেল ম্যানেজার





কোটেশন দাখিল পত্র

প্রতি

জেনারেল ম্যানেজার

নরসিংদী পল্লী বিদ্যুৎ সমিতি-২

চৌয়াল্লা, নরসিংদী।

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে “কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট ” সরবরাহ করার জন্য” প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য

টাকা, আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ

জ্ঞাপনপত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯ (বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহণের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্যনামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনার জারিকৃত ক্রয় আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা ১৫ জুন/২০২৩ খ্রিঃ তারিখে আপনার জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ

পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফসীল



কোর্টেশনের স্মারক নং - ২৭.১২.৬৮৬০.৫৩৫.০১.০৩৮.২৩.

তারিখ -

০১ আষাঢ়, ১৪৩০ বঃ
১৫/০৬/২০২৩ খ্রিঃ

ক্রঃ নং	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পরিমাপের একক	পরিমাণ	একক দর/মূল্য	মোট মূল্য	পণ্য সরবরাহের গন্তব্যস্থান
					অংকে	অংকে/কথায়	
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১		অফিস ব্যাগঃ রেক্সিন ব্যাগ ১৫'X১২' ভিতরে ২ পাট, সাইডে ০১ টি ফুল পকেট, সামনে ০১টি হাফ পকেট, উন্নতমানের রেক্সিন কাপড় ও চেইন দিতে হবে। নরসিংদী পবিস-২ এর মনোগ্রাম ও ঠিকানা যুক্ত (নমুনা মোতাবেক)।	টি	২১৫			
০২	প্রযোজ্য নয়	ফোল্ডিং ছাতাঃ- (শংকর/আনোয়ার/মুন/সমমান) স্ট্যান্ডার্ড, স্টীলের ফোল্ডিং বাট, ৮০X৮০ ওয়াটার প্রুফ, উন্নত মানের কাপড়ের তৈরী, প্লাষ্টিকের হাতল (নমুনা মোতাবেক)।	টি	২৯০			
০৩		রেইন কোর্ট (তাইওয়ান/চায়না) হেপীলন বা এর সমমান বা উন্নত মানের বিদেশী পাতলা ১০০% ওয়াটার প্রুফ কাপড় দ্বারা তৈরী, কফ হাতা, উভয় পাশে ব্যবহার যোগ্য, শার্ট ও প্যান্ট এবং মাথার উপরে ঢাকনাসহ (নমুনা মোতাবেক)	টি	১৪০			
সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট মূল্য					অংকে		
(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন)					কথায়		
পণ্য প্রেরণের ঠিকানা					[পণ্যের গন্তব্যস্থান লিখুন করুন]		
মোট মূল্য টাকায় (কথায়)			[উপরোল্লিখিত তফসীলের ৮ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।]				
প্রস্তাবিত সরবরাহ			[সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে				
প্রদত্ত ওয়ারেন্টি (warranty)			[পণ্য সরবরাহ সম্পন্নতার তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই]				

আমি/আমাদের দ্বারা এই মূল্যের তফসীলের **তফসীলে [-----] টি সংশোধন** যথাযথভাবে অনুস্বাক্ষর করে করা হয়েছে।
আমার/আমাদের প্রস্তাব **দিন/মাস/বছর পর্যন্ত বৈধ [কোর্টেশনের বৈধতার তারিখ লিখুন]**

সিলসহ কোর্টেশনদাতার স্বাক্ষর	
কোর্টেশনদাতার নাম	তারিখ: দিন/মাস/বছর

টীকা:

- ১। কলাম ১, ২, ৩, ৪, ৫ ও ৯ ক্রয়কারী পূরণ করবে এবং কলাম ৬, ৭ ও ৮ কোর্টেশনদাতা পূরণ করবে।
- ২। যদি চুক্তি সম্পাদিত হয় তবে পণ্যের দর বা মূল্যে ক্রয়কারীর গ্রহণযোগ্য পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের স্থানে সর্বোত্তমভাবে সরবরাহের পরিবহন খরচ, বীমা খরচ ইত্যাদিসহ মুনাফা, ওভারহেড খরচ, সবধরনের কর, শুল্ক, ফী, লেভি ও প্রযোজ্য আইনের অধীন পরিশোধিত বা পরিশোধিতব্য যাবতীয় ব্যয় অর্ন্তভুক্ত থাকবে।



আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

ক্রঃ নম্বর	আইটেম নম্বর	আইটেমের বিবরণ	পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান	উৎস দেশের নাম	তৈরী রং মডেল (make and model)
১	২	৩	৪	৫	৬
০১	প্রয়োজ্য নয়	অফিস ব্যাগঃ	রেসিন ব্যাগ ১৫'X১২' ভিতরে ২ পাট, সাইডে ০১ টি ফুল পকেট, সামনে ০১টি হাফ পকেট, উন্নতমানের রেসিন কাপড় ও চেইন দিতে হবে। নরসিংদী পবিস-২ এর মনোগ্রাম ও ঠিকানা যুক্ত (নমুনা মোতাবেক)।	বাংলাদেশ	
০২		ফোল্ডিং হাতাঃ-	(শংকর/আনোয়ার/মুন/সমমান) স্ট্যান্ডার্ড, স্টীলের ফোল্ডিং বাট, ৮০X৮০ ওয়াটার প্রুফ, উন্নত মানের কাপড়ের তৈরী, প্লাস্টিকের হাতল (নমুনা মোতাবেক)।	বাংলাদেশ	
০৩		রেইন কোর্ট	(তাইওয়ান/চায়না) হেপীলন বা এর সমমান বা উন্নত মানের বিদেশী পাতলা ১০০% ওয়াটার প্রুফ কাপড় দ্বারা তৈরী, কফ হাতা, উভয় পার্শ্বে ব্যবহার যোগ্য, শার্ট ও প্যান্ট এবং মাথার উপরে ঢাকনাসহ (নমুনা মোতাবেক)	(তাইওয়ান/ চায়না)	

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লিখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর	তারিখ:
কোটেশনদাতার নাম	

টীকা: ১. কলাম ১, ২, ৩ ও ৪ ক্রয়কারী এবং কলাম ৫ ও ৬ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য একসেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যে প্রস্তুত করতে হবে এবং একইসঙ্গে ক্রয়তথ্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরী দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ণনা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতে সব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হতে হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে। কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রয়োজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথ মূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরণ/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।



[ফ্রেতার নাম ও ঠিকানা এখানে যুক্ত করুন]

পণ্য সরবরাহের জন্য ক্রয় আদেশ


“কর্মচারীদের অফিস ব্যাগ, ছাতা ও রেইন কোট”

ক্রয় আদেশ নম্বর _____

তারিখ: দিন/মাস/বছর

কোর্টেশনের স্মারক নং - ২৭.১২.৬৮৬০.৫৩৫.০১.০৩৮.২৩.	০১ আষাঢ়, ১৪৩০ বঃ ১৫/০৬/২০২৩ খ্রিঃ
প্রতি: [সরবরাহকারীর নাম ও ঠিকানা]	
সরবরাহের তারিখ: [সম্পাদনের তারিখ উল্লেখ করুন]	ক্রয়াদেশকৃত পণ্যের মূল্য: টাকা [চুক্তি মূল্য উল্লেখ করুন]

নিম্নে তালিকাভুক্ত পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের জন্য ক্রয়কারী আপনার [তারিখ উল্লেখ করুন] তারিখের কোর্টেশন গ্রহণ করেছেন এবং পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহ কারিগরী বিনির্দেশ মোতাবেক পরিমাণ ও ইউনিটে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী উপরিউক্ত তারিখের মধ্যে সরবরাহ করার জন্য আপনাকে অনুরোধ করা হল।

ক্রয়াদেশকৃত পণ্যসমূহ
পণ্য ও সংশ্লিষ্ট সেবার অনুমোদিত মূল্য সম্বলিত তফসীলের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। আবশ্যিকীয় পণ্যের অনুমোদিত কারিগরী বিনির্দেশের (সবিস্তার বিবরণী) সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন। শর্তাবলীর সত্যায়িত অনুলিপি সংযুক্ত করুন।
ফ্রেতার জন্য:  (শেখ মানোয়ার মোরশেদ) জেনারেল ম্যানেজার
তারিখ

সংযুক্তিসমূহ: উপরোক্ত বর্ণনা মোতাবেক



পণ্যের সরবরাহ ও মূল্য পরিশোধের জন্য শর্তাবলী

১. চুক্তির পরিচালনা এবং ব্যবস্থাপনা জন্য এখানে বর্ণিত শর্তাবলী ক্রয়কারী এবং সরবরাহকারী মেনে চলতে বাধ্য থাকবে।
২. এই শর্তাবলীর প্রয়োগ ও ব্যাখ্যার ক্ষেত্রে সাধারণত পাবলিক প্রকিউরমেন্ট আইন ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০০৮-এর বিধান প্রযোজ্য হবে।
৩. ক্রয়-আদেশ জারি হওয়ার ১০ (দশ) দিনের মধ্যে সরবরাহকারীকে এই শর্তাবলী অনুযায়ী সর্বতোভাবে সরবরাহ সমাপ্ত করতে হবে।
৪. যদি ক্রয়কারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা গ্রহণ করতে বিলম্ব করেন অথবা কোনো দৈব দুর্ঘটনা সংঘটিত হয় অথবা ক্রয়কারীর নিকট গ্রহণযোগ্য, যুক্তিসঙ্গত ও রেকর্ডকৃত কারণের ভিত্তিতে সরবরাহকারীর সরবরাহের তফসীলের সময় বর্ধিত হওয়ার অধিকার রয়েছে।
৫. চুক্তির অধীন সকল সরবরাহ পরীক্ষা, পরিদর্শন, পরিমাপ, টেস্টিং, কমিশনিং, তদারকির উদ্দেশ্যে যে কোনো সময় ক্রয়কারী বা তার ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নিকট উন্মুক্ত রাখতে হবে।
৬. ক্রয়কারী কারিগরী বিনির্দেশ অনুযায়ী সরবরাহকারী কর্তৃক সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবা পরীক্ষা ও যাচাই করবে এবং কোনো ত্রুটি পাওয়া গেলে সরবরাহকারীকে জানাবে।
৭. যদি পণ্যে কোনো ত্রুটি পাওয়া যায় অথবা বিনির্দেশ অনুযায়ী না হয়, ক্রয়কারী সরবরাহকারীকে কারণ উল্লেখপূর্বক যথাযথ নোটিশ প্রদান করে সরবরাহ বাতিল করতে পারবে।
৮. সরবরাহকারী সকল ধরনের ট্যাক্স, শুল্ক, ফি এবং প্রযোজ্য আইনের অধীন এইরকম অন্যান্য লেভি পরিশোধে সম্পূর্ণ দায়বদ্ধ থাকবে।
৯. অন্য কোথাও যাহাই থাকুক না কেন, মূল্য সম্বলিত তফসীল এবং বিনির্দেশ অনুযায়ী প্রতিটা পণ্যের প্রকৃত সরবরাহের পরিমাণের উপর ভিত্তিতে মূল্য পরিশোধ করা হবে। সরবরাহের চালানের জমা এবং গ্রহণের পর পণ্য এবং সংশ্লিষ্ট সেবার চুক্তি মূল্যের শতভাগ পরিশোধ করা হবে।
১০. সরবরাহকারীর দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব রকমের কর, শুল্ক, লেভি এবং প্রযোজ্য আইনের অধীনে অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১১. মোট চুক্তি মূল্য টাকা [অংকে-----] [কথায়ঃ-----]।
১২. সরবরাহকারী কর্তৃক দাখিলকৃত এবং ক্রয়কারী কর্তৃক গৃহীত সরবরাহ চালানের মাধ্যমে সরবরাহ সমাপ্তির তারিখ হতে সরবরাহকৃত পণ্যের সর্বনিম্ন ওয়ারেন্টি মেয়াদ ০১ বছর (১২ মাস)।
১৩. ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালায় বিধি ৪০(৫) এর বাধ্যবাধকতা পূরণে সরবরাহকারী দায়বদ্ধ থাকবে।
১৪. সরবরাহকারী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের সময় ক্রেতাকে কোনো দাবি, তার নিজের, তার শ্রমিক বা কর্মচারী কিংবা ক্রয়কারী প্রতিষ্ঠানের কোন কর্মী অথবা কোনো তৃতীয় পক্ষের জীবন অথবা সম্পত্তির ক্ষতিপূরণ থেকে ক্রয়কারীকে ক্ষতিবহন প্রতিশ্রুতি থেকে দায়মুক্ত রাখবে।
১৫. পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহের কারণে উত্থাপিত কোনো দাবি সরবরাহকারী নিজ খরচ এবং দায়িত্বে নিষ্পত্তি করবে।
১৬. ওয়ারেন্টি (Warranty) সময়সীমার ভেতর সরবরাহ এবং সংস্থাপনের কারণে পণ্যের ক্ষতি হলে, সরবরাহকারী নিজ খরচে সংশোধন করবে।
১৭. কোনো অবস্থাতেই ক্রয়দেশকৃত পণ্যের পরিধি এবং সরবরাহের পরিমাণের সংশোধন ও পরিবর্তন গ্রহণযোগ্য নয়।
১৮. ক্রয়কারী প্রয়োজন হলে বিধি অনুসারে প্রয়োজনীয় অনুমোদিত পরিবর্তনগুলি সংযোজন করে পরবর্তীকালে চুক্তির শর্তাবলীর সংশোধন করতে পারবে।
১৯. ক্রয়কারী সরবরাহকারীকে লিখিত নোটিশ প্রদান করে যে কোনো সময় সম্পূর্ণ চুক্তি বা চুক্তির কোনো অংশ বাতিল করতে পারেন; যদি সরবরাহকারী:
- ক. সরবরাহের তফসীলের সময় এবং বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণ) অনুযায়ী পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ করতে ব্যর্থ হয়।



- খ. পণ্য এবং সংশ্লিষ্ট সেবার প্রতিযোগিতায় বা সরবরাহতে ফ্রেতার বিবেচনায় কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কোন কর্মকাণ্ডে জড়িত।
- গ. চুক্তির অধীনে অন্য কোন বাধ্যবাধকতা পূরণে ব্যর্থ হলে।
২০. এই চুক্তি হতে উদ্ভূত বা চুক্তি সম্পর্কিত অথবা এর ব্যাখ্যা নিয়ে সৃষ্ট সম্ভাব্য সব ধরনের বিরোধ আপোষে মিমাংসার জন্য ক্রয়কারী এবং সরবরাহকারী তাদের সর্বোত্তম সমঝোতার মাধ্যমে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।
২১. ২০০৬ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ৬৪ ধারা এবং ২০০৮ সালের পাবলিক প্রকিউরমেন্ট আইনের ১২৭ বিধি মোতাবেক দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডের বিষয়ে সরবরাহকারী অবগত ও দায়ী থাকবে।

ফ্রেতার জন্য

(শেখ মানোয়ার মোরশেদ)

জেনারেল ম্যানেজার

তারিখঃ

২৫/৫/২০

সরবরাহকারীর জন্য

নাম এবং পদবীসহ সরবরাহকারীর স্বাক্ষর

তারিখঃ